



তথ্য প্রযুক্তির যুগে জনগণের তথ্য অধিকার নিশ্চিত হোক

আপনি জানেন কি?

তথ্য অধিকার আইন ২০০৯ অনুসারে খুব সহজে যেকোনো সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানের তথ্য চেয়ে আবেদন করতে পারেন।

তথ্য প্রাপ্তির পদ্ধতি

■ তথ্য প্রাপ্তির জন্য নির্ধারিত ফর্মে আবেদন করুন।

■ আবেদন প্রক্রিয়া :

কোনো ব্যক্তি এ আইনের অধীন তথ্য প্রাপ্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট তথ্য চেয়ে নির্ধারিত ফরমেটে মুদ্রিত ফর্মে (ফর্ম 'ক') বা সাদা কাগজে বা ই-মেইলে আবেদন করতে পারবেন। আবেদনের ফর্ম বিসিকের অফিসিয়াল ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনে নিম্নলিখিত বিষয়সমূহের উল্লেখ থাকতে হবে-

(অ) আবেদনকারীর নাম, ঠিকানা, প্রয়োজ্য ক্ষেত্রে ফোন ও ফ্যাক্স নম্বর এবং ই-মেইল ঠিকানা;

(আ) যে তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে এর নির্ভুল এবং স্পষ্ট বর্ণনা;

(ই) আবেদনকৃত তথ্যের অবস্থান নির্ণয়ের সুবিধার্থে অন্যান্য প্রয়োজনীয় প্রাসঙ্গিক তথ্যাবলী;

(ঈ) কোন পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী তার বর্ণনা অর্থাৎ পরিদর্শন, অনুলিপি নেয়া, নোট নেয়া বা অন্য কোনো অনুমোদিত পদ্ধতি;

(উ) আবেদনকারী প্রতিবন্ধী হলে সহায়তাকারীর তথ্য।

■ **তথ্য প্রদানের সময়সীমা :**

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদনকৃত তথ্যের সাথে একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা না থাকলে আবেদন প্রাপ্তির তারিখ হতে অনধিক ২০(বিশ) কার্যদিবসের মধ্যে আবেদনকৃত তথ্য সরবরাহ করবেন।

■ **তথ্যের মূল্য তালিকা :**

ছাপানো তথ্যের জন্য যেখানে মূল্য নির্ধারিত রয়েছে সেই প্রতিবেদন বা কপির জন্য উক্ত মূল্য ও অন্যান্য ক্ষেত্রে যুক্তিসংগত মূল্য পরিশোধ করতে হবে। উক্ত মূল্য তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত), বিধিমালা, ২০০৯ এর তফসিল 'ঘ' ফর্ম অনুযায়ী নির্ধারিত হবে।

■ **আপীল প্রক্রিয়া ও সময়সীমা :**

কোনো ব্যক্তি তথ্য অধিকার আইনের ধারা-৯ (১) (২) বা (৪) এ নির্দিষ্ট সময়সীমার মধ্যে তথ্য লাভে ব্যর্থ হলে কিংবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কোনো সিদ্ধান্তে সংস্কৃত হলে তিনি উক্ত সময়সীমা অতিক্রম হওয়ার পর বা সিদ্ধান্ত পাওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আপীল কর্তৃপক্ষের নিকট আপীল করতে পারবেন। আপীল আবেদনে আপীলের কারণ উল্লেখপূর্বক তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালার ফর্ম 'গ' অনুযায়ী করা যাবে। আপীল কর্তৃপক্ষ আপীল আবেদন প্রাপ্তির পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে ৬ বিধি মতে শুনানী শেষে আপীল নিষ্পত্তি করবেন।

জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিতকরণে এই আইন যুগোপযোগী

প্রচারে



বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)

তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।